যুগান্তর

JAN. 02 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ২ ......

# শিক্ষা সংস্কার কমিটি গঠন

যুগান্তর রিপোর্ট

শিক্ষাক্ষেত্রে অবিলম্বে বাস্তবায়নযোগ্য সংস্কার চিহ্নিত করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে। রাজশাহী ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক এমএ বারীকে ৪৬ সদস্যের এই কমিটির সভাপতি করা হয়েছে। কমিটিকে আগামী ২৫ জানুয়ারির মধ্যে সংস্কারের সুপারিশ জমা দিতে বলা হয়েছে। কমিটির সদস্যদের মধ্যে রয়েছেন সাবেক ও বর্তমান উপাচার্য, সচিব, সরকারি কর্মকর্তা, শিক্ষক, শিক্ষাবিদ ও শিক্ষক নেতৃবৃন্দ।